গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

...

সভাপতি	মোহাঃ ওয়ালিউর রহমান অতিরিক্ত মহাপরিচালক
সভার তারিখ	০৪ মে ২০১৭ খ্রি:
সভার সময়	সকাল ১১.০০ টা।
স্থান	সভাকক্ষ, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
উপস্থিতি	উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট ‘‘ক’’-তে দেওয়া হল।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ইনোভেশন টিমের এক সভা ০৪ মে ২০১৭ খ্রি:, বৃহস্পতিবার, বেলা ১১.০০ টায় ইনস্টিটিউটের সভাকক্ষে অতিরিক্ত মহাপরিচালক ও ইনোভেশন অফিসার জনাব মোহা: ওয়ালিউর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

‘‘সভার অলোচ্য বিষয়সমূহ’’

০১। নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন;

০২। অফিসের আধুনিকীকরণ ও সক্ষমতা বৃদ্ধি;

০৩। পার্টনারশিপ ও নেটওয়ার্কিং এবং সোস্যাল মিডিয়ার ব্যবহার;

০৪। আইসিটি শাখা স্থাপন;

০৫। মাসিক সভার তারিখ নির্ধারণ; এবং

০৬। বিবিধ।

ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকল সদস্যেকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভায় উপস্থিত সকলের অংশগ্রহণে পুঙ্খানুপুঙ্খ আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	**আলোচ্যসুচি**	**আলোচনা**	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

১.	বিগত সভার কার্যবিবরণী অনুমোদন	এপ্রিল'১৭ মাসের কার্যবিবরণী প্রোগ্রামার সভায় উপস্থাপন করেন এবং বিষয়গুলো আলোচনা ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী পাঠান্তে তা দৃঢ়ীকরণ করা হয় এবং সে অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে।	ইনোভেশন টিম
২.	নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশন	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনের আওতায় সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে ১০ টি গুরুত্বপূর্ণ সেবা ৩১ ডিসেম্বর, ২০১৭ খ্রি: তারিখের মধ্যে বাস্তবায়নের রোডম্যাপ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	অগ্রাধিকারভিত্তিতে ৫ টি সেবার উল্লেখসহ সর্বমোট ১০ টি সেবার ক্ষেত্রে ইনোভেশন টিমের কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রণীত কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০১৫ অনুযায়ী ৩১ ডিসেম্বর'১৭ এর মধ্যে বাস্তবায়ন করতে হবে। সেবাসমূহ হলো: ১। অফিসের আধুনিকীকরণ ও সক্ষমতা বৃদ্ধি; ২। ইন্টারনেটভিত্তিক গণমাধ্যম ব্যবস্থাপনা (Web Based Media Management); ৩. ই-ফাইল (নথি) চালুকরণ; ৪. ইজিপি (e-gp) পোর্টালের মাধ্যমে ই-টেন্ডারিং চালুকরণ; ৫. লাইব্রেরী Automation System চালুকরণ ৬. ইনস্টিটিউটের নিরাপত্তা নিশ্চিতকরণে আধুনিক যন্ত্রপাতি স্থাপন; ৭. ডিজিটাল হাজিরা চালুকরণ; ৮. প্রশিক্ষণ কোর্সে নির্মিত সকল অডিও/ ভিডিও অনুষ্ঠান ইউটিউব চ্যানেলে আপলোড এবং ওয়েবসাইটে লিংক প্রদান; ৯. শ্রেণিকক্ষে Interactive Board স্থাপন; ১০. ক্লাসরুমে স্থায়ীভাবে সাউন্ড সিস্টেম স্থাপন।	কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

৩.	অফিসের আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি	ইনস্টিটিউটের আধুনিকীকরণের জন্য পুরনো যন্ত্রপাতি পরিবর্তে নতুন আধুনিক প্রযুক্তি নির্ভর যন্ত্রপাতির ক্রয় এবং মেরামত করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া এসব আধুনিক প্রযুক্তিনির্ভর যন্ত্রপাতি ব্যবহারে সক্ষম করে গড়ে তোলার জন্য কর্মকর্তা ও কর্মচারিদের প্রশিক্ষণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	**অফিসের আধুনিকীকরণ ও সক্ষমতা বৃদ্ধি:** ICT বিষয়ক যন্ত্রাংশ: ৫৯ (উনষাট) টি ডেস্কটপ কম্পিউটার, ২২ (বাইশ) টি ল্যাপটপ কম্পিউটার, ০১ (এক) টি সার্ভার ও ০৪ (চার)টি ট্যাব রয়েছে; এগুলো বিদ্যুৎ সাশ্রয়ী এবং আধুনিক প্রযুক্তিবান্ধব করার ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে এবছর ১০টি পুবাতন কম্পিউটার ও ৮টি সিআরটি মনিটর অকেজো ঘোষণা করে আধুনিক প্রযুক্তির ০৫ টি ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার ক্রয় করা হয়েছে এবং ১টি নন-লিনিয়ার ভিডিও এডিটিং প্যানেল ক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া সভাকক্ষ ১টি ও শেণিকক্ষে ১টি ইন্টারেক্টিভ বোর্ড স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।	কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি
৪.	আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী ধারণা নিয়মিত প্রাপ্তির উদ্দেশ্যে টেন্ডার বক্সের অনুরূপ একটি ইনোভেশন বক্স স্থাপন এবং অনলাইনে আইডিয়া প্রদান করার জন্য একটি অনলাইন প্লাটফরম স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	ইনস্টিটিউটের প্রবেশ পথের ডানদিকে একটি আইডিয়া বক্স এবং অনলাইনে আইডিয়া প্রেরণের জন্য ইনস্টিটিউটের ওয়েবসাইটে একটি আইডিয়া বক্স (লিংক http://nimc.gov.bd/site/page/46a225bf-1b44-4eea-94d4-d9611f3b3ab2/Idea-Box/উদ্ভাবনী-ধারনা) স্থাপন করা হয়েছে। আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রতিমাসে ইনোভেশন টিমের সভায় আইডিয়া বক্স এবং অনলাইনে প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই ও বাছাই করে বাস্তবায়নযোগ্য আইডিয়াসমূহ মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণসহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	ইনোভেশন টিম

৫.	পার্টনারশিপ, নেটওয়ার্কিং এবং সোস্যাল মিডিয়ার ব্যবহার	সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইল, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান / অংশীজন চিহ্নিতকরণ ও তাঁদের সঙ্গে যোগাযোগ স্থাপন এবং সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন:- ওয়েবসাইট, ফেসবুক, ইউটিউব ইত্যাদির ব্যবহার নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় ইন্টারনেটভিত্তিক গণমাধ্যম ব্যবস্থাপনা বিশেষ করে প্রতিটি পাঠ্যধারায় সোশ্যাল মিডিয়ার ব্যাপকভিত্তিক ব্যবহার এবং ডিজিটাল বাংলাদেশ কনটেন্ট অন্তর্ভূক্তকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সোস্যাল মিডিয়ার কার্যকর ব্যবহারে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের জন্য সামাজিক মাধ্যমে (যেমন: ফেসবুক একাউন্টে; গ্রুপ ও পেজ, ইউটিউবে বিভিন্ন রেডিও ও টেলিভিশন অনুষ্ঠান এবং ইনস্টিটিউটের ওয়েব পোর্টালে টেন্ডার, নোটিশ, প্রশিক্ষণ কার্যক্রমসহ) নানা বিষয় প্রতিনিয়ত Upload করা হচ্ছে; যা চলমান রাখতে হবে। সভায় ইন্টারনেটভিত্তিক গণমাধ্যম ব্যবস্থাপনা বিশেষ করে ইনস্টিটিউটের প্রতিটি প্রশিক্ষণ পাঠ্যধারায় সোশ্যাল মিডিয়ার ব্যাপকভিত্তিক ব্যবহার এবং ডিজিটাল বাংলাদেশ কনটেন্ট বাধ্যতামূলকভাবে অন্তর্ভূক্তকরণের উদ্যোগ নেওয়া হয়েছে এবং এটি যাতে প্রত্যেক পাঠ্যধারায় অন্তর্ভূক্ত থাকে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে।	ইনোভেশন টিম, পরিচালক (প্রশি. অনু.) এবং পরিচালক (প্রশি: প্রকৌ:)
৬.	আইসিটি বিষয়ক ইনোভেশন কার্যক্রম	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান, পরিবর্তনের রূপকার হিসেবে ইনস্টিটিউটের সেবা প্রদান, নাগরিক সেবা সহজীকরণ (Service Process Simplification), সকল সেবাকে ই-সেবায় রূপান্তরের ব্যবস্থা, ই-ফাইলিং ব্যবস্থাপনা, ICT Action Plan বাস্তবায়ন নিশ্চিতকরণ, আইসিটি শাখা স্থাপন, নতুন অর্থনৈতিক কোড খোলা ও এই কোডে অর্থ বরাদ্দ, ওয়েবসাইট হালনাগাদকরণ, ওয়েবসাইটে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিসহ আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন, ইন্টার-অপারেবিলিটি (Interoperability) নিশ্চিতকরণ এবং মূল ভবনের প্রবেশ পথে Access Control System ও	নিম্নোক্ত বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবেঃ- (ক) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের স্থায়ী কর্মকর্তাগণকে অগ্রাধিকার দিয়ে বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য RNTC, DW, VOA-এ পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া BBC, AMIC, NHK, ABC, AIBD, ABU ইত্যাদি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত করতে হবে। (খ) জাতীয় গণমাধ্যম ইনস্টিউটের কর্মকর্তাগণের বিদেশে প্রশিক্ষণের জন্য অর্থের সংস্থান; (গ) Nationwide Stengthening and Skill Enhancement of Media Professionals এ বিষয়ে প্রশিক্ষণের একটি TPP মহাপরিচালক মহোদয়ের নিকট জমা প্রদান করা হয়েছে। মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা নিয়ে প্রাপ্ত TPP পরবর্তী কার্যক্রমের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশি. অনু.) ও সহকারি পরিচালক (টেলি. অনুষ্ঠান) উপ-পরিচালক (অর্থ) পরিচালক (প্রশি: প্রকৌ:), রক্ষণ প্রকৌ: ও উপ-সহ.প্রকৌ (তড়িৎ)

		CC Camera স্থাপনসহ নানা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ঘ) ইনস্টিটিউটে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ শেষে প্রয়োজনীয় ছবি, বেতার এবং টেলিভিশন অনুষ্ঠান সংগ্রহ করে Website, Facebook এবং youtube-এ নিয়মিত Upload করা হচ্ছে এবং এটি চলমান রাখতে হবে; (ঙ) দক্ষ মানব সম্পদ গড়ে তোলার জন্য ইনস্টিটিউটের কর্মকর্তা/ কর্মচারিদের প্রতিমাসে আইসিটি/ ডিজিটাল বাংলাদেশে ইত্যাদি কনটেন্টের ওপর নূন্যতম একটি করে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। (চ) APA-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০১৬-১৭ অর্থবছরে ২টি ক্রয়কার্য e-gp-এর মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্ধারিত রয়েছে। টি ক্রয়কার্য ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। অপর ১টি e-gp-এর মাধ্যমে (ক্লাসরুমে স্থায়ীভাবে সাউন্ড সিস্টেম স্থাপনের কার্যক্রম) অবিলম্বে সম্পন্ন করতে হবে।	ইনোভেশন টিম আইসিটি শাখা আইসিটি শাখা
৭.	আইসিটি শাখা স্থাপন	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট একটি আদর্শ আইসিটিবান্ধব প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা এবং আইসিটি বিষয়ক কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে ইনস্টিটিউটে আইসিটি শাখা স্থাপন এবং জনবলের জন্য প্রয়োজনীয় পদ সৃষ্টির উপর গুরুত্ব দিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ইনস্টিটিউটে আইসিটি শাখা স্থাপন এবং প্রয়োজনীয় পদ সৃষ্টির জন্য প্রস্তুতকৃত সুপারিশটি প্রশাসন শাখায় জমা প্রদান করা হয়েছে। সুপারিশটি প্রশাসন শাখার মাধ্যমে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।	প্রশাসন শাখা
৮.	বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন, মাসিক সভার তারিখ নির্ধারণ ও বিবিধ	জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের আধুনিকায়ন ও একটি আদর্শ ট্রেনিং প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাৎসরিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন; উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে মাসিক সভার আয়োজন ও বাৎসরিক রিপোর্ট প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	ইনোভেশন টিম প্রতিমাসের প্রথম সপ্তাহে মাসিক সভা অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। উক্ত সভার অলোচ্য বিষয়সমূহ পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। এছাড়াও প্রতিবৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ; এবং ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করতে হবে।	ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাঃ ওয়ালিউর রহমান
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ১৫.৫৫.০০০০.৩০৫.০৬.০০১.১৭.৪১

তারিখ: ২৫ বৈশাখ, ১৪২৪
০৮ মে, ২০১৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) প্রোগ্রামার, আই সি টি শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
২) উপ-পরিচালক, অর্থ শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
৩) উপ-পরিচালক, প্রশাসন শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
৪) রক্ষণ প্রকৌশলী, রক্ষণ প্রকৌশলী শাখা , জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
৫) সহকারী প্রোগ্রামার, আই সি টি শাখা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
৬) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারি, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।

মোহাঃ ওয়ালিউর রহমান
অতিরিক্ত মহাপরিচালক
০২-৫৫০৭৯৪৩০